

বরিশালে ৩৬টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দিল মন্ত্রণালয়

■ বরিশাল ব্যুরো

বরিশাল বিভাগের ৩৬টি শিক্ষা প্রতিষ্ঠান চিরস্থায়ীভাবে বন্ধ করে দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। প্রয়োজনীয় স্থাপনা ও একাডেমিক কার্যক্রম না থাকায় শিক্ষা মন্ত্রণালয় সম্প্রতি এই প্রতিষ্ঠানগুলো স্থায়ীভাবে বন্ধ করে দেয়। এর আগে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো বন্ধ করার জন্য ৯ ডিসেম্বর মন্ত্রণালয়ে সুপারিশ পাঠায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের বরিশাল অঞ্চল কার্যালয়।

বন্ধ হওয়া প্রতিষ্ঠানগুলোর মধ্যে ছয়টি মাধ্যমিক বিদ্যালয়, তিনটি মাদ্রাসা এবং ২৭টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়। এর মধ্যে বরিশাল ও বরগুনা জেলায় চারটি করে, ভোলায় ২০টি, পটুয়াখালী ও ঝালকাঠিতে তিনটি করে এবং পিরোজপুর জেলায় দুটি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের বিভাগীয় উপপরিচালক ড. মোস্তাফিজুর রহমান সাংবাদিকদের জানান, বন্ধ হয়ে যাওয়া প্রতিষ্ঠানগুলো শিক্ষা মন্ত্রণালয় থেকে পাঠদানের অনুমতি পাওয়ার চার-পাঁচ বছর পরও শিক্ষা কার্যক্রম শুরু করতে পারেনি।